গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২০৯-আইন/২০২৬/৬৪/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, দ্বিতীয় তফসিলের ক্রমিক নং ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ১২ এর-

(১) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরুপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্তি বা নবায়নের তারিখ হইতে ১ (এক) বৎসর অতিক্রান্ত হইলে-

(ক) ওয়্যারহাউস লাইসেন্সের মেয়াদ ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইয়াছে এইরূপ কোনো শিল্প প্রতিষ্ঠানের সর্বশেষ ০৫ (পাঁচ) বৎসরের নিরীক্ষা হইতে বা অন্যবিধভাবে ওয়্যারহাউস সুবিধার অপব্যবহার বা জালিয়াতি বা শুল্ক-করাদি ফাঁকি সংক্রান্ত কোনো দাবিনামার উদ্ভব না হইলে বা মামলা অনিষ্পন্ন না থাকিলে বা সরকারি পাওনা না থাকিলে, উক্তরূপ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক তফসিল-৪ মোতাবেক সর্বশেষ অতিক্রান্ত বৎসরের আমদানি-রপ্তানি বিবরণী ও বিদ্যুৎ ও গ্যাসসহ জ্বালানি বিলের কপিসহ সংশ্লিষ্ট দলিলাদি নিরীক্ষা মেয়াদ অতিক্রান্ত হইবার তারিখ হইতে ৯০ (নব্বই) দিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করা হইলে, নিরীক্ষা অনুমোদিত বিবেচনায় শিল্প প্রতিষ্ঠান অনুরূপ সুবিধা ও বিষয় প্রাপ্ত হইবে, যেইরূপ নিরীক্ষা অনুমোদিত হইবার পর প্রাপ্ত হইয়া থাকে;

(খ) দফা (ক) এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে তফসিল-৪ মোতাবেক সর্বশেষ অতিক্রান্ত বৎসরের আমদানি-রপ্তানি বিবরণী ও যাবতীয় কার্যক্রমের বিবরণীসহ সংশ্লিষ্ট দলিলাদি, যথা: সকল প্রকার লাইসেন্স ও পারমিটের হালনাগাদ নবায়িত কপি, বিদ্যুৎ ও গ্যাসসহ জ্বালানি বিলের কপি, যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দায় দেনা বহনের অঙ্গীকারনামা, বিদ্যমান মেশিনের তালিকা, এইচএস কোডসহ অনুমোদিত ও আমদানিকৃত কাঁচামালের তালিকা, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমাণক, ভাড়া জায়গার ক্ষেত্রে হালনাগাদ নবায়িত ভাড়ার চুক্তির কপি নিরীক্ষা মেয়াদ অতিক্রান্ত হইবার তারিখ হইতে ৯০ (নব্বই) দিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করিতে হইবে।";

(২) উপ-বিধি (২) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর

"তবে, উপ-বিধি (১) এর দফা (ক) তে যাহা কিছুই থাকুক না কেনো, উক্তরূপ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উপ-বিধি (১) এর দফা (ক) অনুযায়ী দাখিলকৃত তথ্যাদি ও দলিলাদি সম্পূর্ণরূপে প্রাপ্তির পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে যাচাইয়ান্তে কোনো অসঙ্গতি পরিলক্ষিত না হইলে দাখিলকৃত তথ্যাদি ও দলিলাদির আলোকে নিরীক্ষা সম্পাদিত মর্মে গণ্য হইবে; অন্যথায়, লাইসেন্সিং কর্তৃপক্ষ পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিবসের মধ্যে উক্ত প্রতিষ্ঠানের নিরীক্ষা সম্পন্ন করিবেন।" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।